

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
সরকারি শিশু পরিবার
www.dss.gov.bd

শেখ হাসিনার
দিনবদলে, সমাজসেবা
এগিয়ে চলে

নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.৮৮৬.৯৭.১০৪

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪

২৯ অক্টোবর ২০১৭

পরিপত্র

বিষয়: সরকারি শিশু পরিবারে কর্মরত সার্বক্ষণিক আবাসিক কর্মচারীদের দায়িত্ব (কর্ম) বন্টন স্পষ্টিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি শিশু সদন/শিশু পরিবার ব্যবস্থাপনা নীতিমালা ২০০২ এর ক্রমিক নং-১৭.০ ধারা মোতাবেক শিশু পরিবারের তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক, সহকারি তত্ত্বাবধায়ক, মেট্রন/কম্পউন্ডার, বড় ভাইয়া/খালাম্মাগণ শিশু পরিবারের সার্বক্ষণিক আবাসিক কর্মকর্তা/কর্মচারী হিসেবে বিবেচিত হবেন। তাদের কেন্দ্রের অভ্যন্তরে অবস্থান বাধ্যতামূলক।

উক্ত নীতিমালার ক্রমিক নং ১৭ (ক) (১৪) ক্রমিকে শিশু পরিবারে তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক এর কর্মবন্টন সংক্রান্ত বিবরণী উল্লেখ রয়েছে : “মেট্রন, মেট্রন যুক্ত সেবিকা এবং খালাম্মা, বড়আপা/বড় ভাইয়দের” দায়িত্বভার এমনভাবে বন্টন করা উচিত যাতে তারা পালাক্রমে দিনে ও রাতে সকল সময়ে কেন্দ্রে উপস্থিত থাকতে পারেন এবং সেমতে তারা কেন্দ্রে অবস্থান করবেন। বৎসরে ছুটির দিনগুলোও এমনভাবে কর্ম বন্টন করতে হবে, যাতে ছুটির দিনেও সংশ্লিষ্ট কর্মচারীগণ উপস্থিত থাকতে পারেন”।

এছাড়াও বর্ণিত নীতিমালার ১৭ (ঙ) ক্রমিকে বড়আপা, খালাম্মা/ বড় ভাইয়া এবং মেট্রন, মেট্রন যুক্ত সেবিকাদের কর্মবন্টন সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

উক্ত নীতিমালার ক্রমিক নং ১৭ এর (গ) এবং (জ) ধারায় সহকারি শিক্ষক এবং কারিগরী প্রশিক্ষকদের কর্মবন্টন সুনির্দিষ্ট রয়েছে, যাহা নিম্নবর্ণিত :

ক্রমিক নং ১৭.০ (গ) শিক্ষকের কর্মবন্টন এর উল্লেখযোগ্য ২ (দুই)টি ক্রমিকের বিবরণ নিম্নরূপ :

৬. স্কুল ছুটি হওয়ার পর ছাত্রছাত্রীদের পড়াশোনা এবং বিশেষ কোচিং এ সাহায্য করা।

৮. উপতত্ত্বাবধায়কের নির্দেশে অন্যান্য দায়িত্ব পালন করা।

ক্রমিক নং ১৭.০ (জ) কারিগরী প্রশিক্ষকের কর্মবন্টন এর উল্লেখযোগ্য ২(দুই)টি ক্রমিকের বিবরণ নিম্নরূপ :

৮. কারিগরী প্রশিক্ষকগণ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নিবাসিদের একাডেমিক শিক্ষা দানের জন্য শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৯. উপতত্ত্বাবধায়কের নির্দেশানুযায়ী অন্যান্য কাজ সম্পাদন করা।

বিশেষ নির্দেশাবলী :

- শিক্ষক /সহকারী শিক্ষক এবং কারিগরী প্রশিক্ষক সকলেই প্রজাতন্ত্রের কর্মচারী বিধায়

প্রতিষ্ঠান প্রধানের নির্দেশে যে কোন দায়িত্ব পালন করবেন।

- শিক্ষক/সহকারী শিক্ষক কে বড় ভাইয়া/খালাম্মা সমমানের পদ হিসেবে গণ্য করে ব্যবস্থাপনা নীতিমালার ১৭.০ (ঙ) ধারায় বর্ণিত বড় আপা/খালাম্মা/ বড় ভাইয়া ও মেট্রন যুক্ত সেবিকাদের কর্মবন্টন শিক্ষক/সহকারী শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনা মোতাবেক সরকারি শিশু পরিবার ও ছোটমণি নিবাসে কর্মরত বড়আপা, খালাম্মা/ বড়ভাইয়া, শিক্ষক, সহকারি শিক্ষক ও মেট্রন, মেট্রন যুক্ত সেবিকা এবং কারিগরী প্রশিক্ষকের দায়িত্ব (কর্ম) বন্টন স্পষ্টিকরণ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।



২৯-১০-২০১৭

জুলিয়েট বেগম
পরিচালক

বিতরণ:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর
- ২) অতিরিক্ত পরিচালক, প্রতিষ্ঠান শাখা, সমাজসেবা অধিদফতর
- ৩) তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক, সমাজসেবা অধিদফতর, সরকারি শিশু পরিবার.....
- ৪) পরিচালক (সকল)
- ৫) জেলা প্রশাসক (সকল)
- ৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)